"মুজিব বর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০১.২২.২৪৬

তারিখ: ২২ চৈত্র ১৪২৮
০৫ এপ্রিল ২০২২

বিষয়: মার্চ ২০২২ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত "ছক" মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের মার্চ ২০২২ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

০৫/০৪/২০২২

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।
প্রতিবেদনাধীন মাসের নাম: মার্চ ২০২২ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৪-০৪-২০২২ খ্রি:

## (১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১২,৯৮৫ | ১১,০৫৭ | ১,৯২৮ | |
| মোট | ১২,৯৮৫ | ১১,০৫৭ | ১,৯২৮ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন- ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | ১২৬ | ৪১১ | ১০৭৬ | ৩১৫ | ১,৯২৮ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০৩টি
অতিরিক্ত পরিচালক -০৫টি
সহকারি পরিচালক -২০টি
সমাজসেবা অফিসার/সমমান -৯৮টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | -- | -- | - | - | - | - |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | ৭ |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | - |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রয়োজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রয়োজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রয়োজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪৩৭.৯৬<br>(চারশত সাইত্রিশ কোটি ছিয়ানব্বই লক্ষ টাকা) | ১৫১.৮৮১১<br>(একশত একান্ন কোটি আটাশি লক্ষ এগারো হাজার টাকা)<br>৩৫% | | ২২/১১/২০২১ও<br>০৬/০১/২০২২ |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | ১। ভবন নির্মাণ।<br>২। হাসপাতাল ভবন নির্মাণ। | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রয়োজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রয়োজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রয়োজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রয়োজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-২৩৩টি<br>অগ্রীম- ১১১টি<br>৩৪৪ টি | ৯৫৯৫৮২১০১<br>৬৯২২১৬৬১৫<br>১৬৫১৭৯৮৭১৬<br>(একশত পয়ষট্টি কোটি সতের লক্ষ আটানব্বই হাজার সাতশত ষোল) | ১৬টি (অগ্রীম)<br>১০টি (সাধারন)<br>২৬টি | | সাধারণ-২৩৩টি<br>নতুন- ০৩টি<br>মোট= ২৩৬টি<br>টাকার পরিমান<br>৯৫৯৫৮২১০১<br>৩০৫৩৯৮২৫<br>৯৯০১২১৯২৬<br>(নিরানব্বই কোটি এক লক্ষ একুশ হাজার নয়শত ছাব্বিশ)<br>অগ্রীম-১১১টি<br>নতুন- ০২টি<br>মোট= ১১৩টি<br>টাকার পরিমান<br>৬৯২২১৬৬১৫<br>৩৮৫৭০০০<br>৬৯৬০৭৩৬১৫<br>(উনসত্তর কোটি ষাট লক্ষ তিয়াত্তর হাজার ছয়শত পনের) | ১। সুপারিশকৃত ১৩টি অগ্রীম আপত্তির নিষ্পত্তি পত্র জারী করার জন্য অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এখনো নিষ্পত্তিপত্র পাওয়া যায়নি।<br>২। ০৪/১০/২০২১ তারিখে ত্রি-পক্ষীয় সভায় সুপারিশকৃত ০৭টি অগ্রীম নিষ্পত্তির পত্র জারী করার জন্য ১৮/১১/২০২১ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে হতে সিভিল অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এখনো নিষ্পত্তিপত্র পাওয়া যায়নি।<br>৩। ২৬/১২/২১ তারিখ ২৬টি সাধারণ আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। তন্মেধ্যে ১৮টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নিষ্পত্তিপত্র জারী করার জন্য ২৪/২/২২ তারিখে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>৪। ২০১৭-২০২০ অর্থবছরের বেসরকারি এতিমখানার ৫টি অডিট আপত্তি (অগ্রীম-২, সাধারন-৩) যোগ করা হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | গত মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১৩০ | ০২ | ১৩২ | ০০ | ০৭ | ০৫ | ১২ | ২৭ | ১২০<br>১ম শ্রেণির ৪১ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৪৭ টি,<br>৪র্থ শ্রেণির ২৭ টি<br>মোট = ১২০ টি |

(৯) **মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | শুরু থেকে এ পর্যন্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩,০৬,০৮৩ জন। এর আওতাধীন এতিম প্রতিবন্ধী ও অন্যান্য প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩,০৬০ জন |
| ২ | ৪৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ০৭ নভেম্বর ২০২১ হতে ৩১ মার্চ ২০২২ | জাতীয় সমাজসেবা একাডেমি | ৩৫ জন |
| ৩ | Training Course on Budget Management (TCBM) ৪র্থ ব্যাচ | ০২-০৩ মার্চ ২০২২ | | ৪০ জন |
| ৪ | Training Course on Budget Management (TCBM) ৫ম ব্যাচ | ১৪-১৫ মার্চ ২০২২ | | ৪০ জন |
| ৫ | Training Course on Budgeting & Accounting System in DSS (ভার্চুয়াল পদ্ধতি) | ২৮ ফেব্রুয়ারি হতে ১ মার্চ ২০২২ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা | ২২ জন |
| ৬ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা ব্যবস্থাপনা | ৬ -১০ মার্চ ২০২২ | | ৩১ জন |
| ৭ | পেশাগত দক্ষতা বৃদ্ধি | ১৩ - ১৪ মার্চ ২০২২ | | ৩৫ জন |
| ৮ | Training Course on Budgeting & Accounting System in DSS (ভার্চুয়াল পদ্ধতি) | ২৩ - ২৪ মার্চ ২০২২ | | ২৬ জন |
| ৯ | সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও দফতর ব্যবস্থাপনা | ০৫ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | ২৩ জন |
| ১০ | সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও দফতর ব্যবস্থাপনা | ০৫ দিন | | ২৫ জন |
| ১১ | পেশাগত দক্ষতা উন্নয়ন | ০৩ দিন | | ২৪ জন |
| ১২ | সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও দফতর ব্যবস্থাপনা | ০৫ দিন | | ২২ জন |
| ১৪ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ০১ - ০৩ মার্চ ২০২২ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী | ৩৪ জন |
| ১৫ | দারিদ্র্য বিমোচন ও সামাজিক নিরাপত্তা কাযর্ক্রম ব্যবস্থাপনা | ৬ - ১০ মার্চ ২০২২ | | ৩৪ জন |
| ১৬ | দারিদ্র্য বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ২০ - ২৪ মার্চ ২০২২ | | ২৬ জন |
| ১৭ | দারিদ্র্য বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ৬ - ১০ মার্চ ২০২২ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | ৩২ জন |
| ১৮ | Office Management & Comunication | ২০ - ২৮ মার্চ ২০২২ | | ৩২ জন |
| ১৯ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ১৩ - ১৫ মার্চ ২০২২ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | ২৬ জন |
| ২০ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ২২ - ২৪ মার্চ ২০২২ | | ২৭ জন |
| ২১ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ২৭ - ২৯ মার্চ ২০২২ | | ২৭ জন |
| ২২ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ৩ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | ৪১ জন |
| ২৩ | দফতর ব্যবস্থাপনা ও ই - ফাইলিং | ০৬ দিন | | ৪০ জন |
| ২৪ | দফতর ব্যবস্থাপনা ও ই - ফাইলিং | ০৫ দিন | | ৪১ জন |
| ২৫ | কেস ব্যবস্থাপনা ও শিশুর মনোসামাজিক সুরক্ষা | ০৫ দিন | | ৩৯ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কিত ধারনা প্রদান, তথ্য অধিকার বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং প্রতিবেদন প্রণয়ন | ১৩ মার্চ হতে ১৪ মার্চ ২০২২ | সমাজসেবা অধিদপ্তর | ২০ জন |
| ২ | | ১৪ মার্চ হতে ১৫ মার্চ ২০২২ | | ২২ জন |
| ৩ | | ১৫ মার্চ হতে ১৬ মার্চ ২০২২ | | ৪২ জন |
| ৪ | | ২০ মার্চ হতে ২১ মার্চ ২০২২ | | ৪১ জন |
| ৫ | | ২২ মার্চ হতে ২৩ মার্চ ২০২২ | | ৪২ জন |
| ৬ | | ২৭ মার্চ হতে ২৮ মার্চ ২০২২ | | ৪৩ জন |

এছাড়া, জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক ২০ হতে ২১ মার্চ ২০২১ পর্যন্ত ০২ (দুই) কর্মদিবস ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই ।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১২৬ জন, ২য় শ্রেণির ৪১১ জন, ৩য় শ্রেণির ১০৭৬ জন এবং ৪র্থ শ্রেণির ৩১৫ জন মোট ১ হাজার ৯২৮ জন জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা : নেই।

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী :

(০১) ২০২১-২২ অর্থবছরের ১ম ও ২য় এবং ৩য় কিস্তির অর্থ (জুলাই/২১ হতে মার্চ/২২) পর্যন্ত প্রশাসনিক মন্ত্রণালয় হতে অর্থ ছাড় করা হয়েছে। ১ম ও ২য় কিস্তির অর্থ মাঠ পর্যায়ে বিতরণ করা হয়েছে। ৩য় কিস্তি (জানুয়ারী/২২ হতে মার্চ/২২ পর্যন্ত) অর্থ এপ্রিল মাসেই বিতরণ করা হবে। ৩১ মার্চ/২২ পর্যন্ত ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ মোট ১ কোটি ২ লক্ষ ৮৪ হাজার জন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের মধ্যে প্রায় ৯৯ লক্ষ ১৯ হাজার ৯৩০ জনের EFT মাধ্যমে ভাতার অর্থ করা হয়েছে। বিতরণের হার ৯৬.৪৬% । EFT মাধ্যমে ভাতার অর্থ প্রেরণের কাজ চলমান রয়েছে।

(০২) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ (আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী) কার্যক্রমের ২৮.৪৩ কোটি টাকার মধ্যে ২য় কিস্তি বাবদ ০৭ কোটি ১০ লক্ষ ৭৫ হাজার টাকার বিভাজন উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে এবং ঋণ বিতরণ কার্যক্রম চলমান আছে। ৩য় কিস্তির বিল প্রস্তুতপূর্বক হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। চেক পাওয়ামাত্র উপজেলা পর্যায়ে প্রেরণ করা হবে।

(০৩) a2i এর সহযোগিতায় ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম/Micro Credit Monitoring System (MCMS) সফটওয়ার এ মাঠ পর্যায়ে এন্টির জন্য ০৯টি উপজেলা ও ০১টি ইউসিডিকে নির্বাচনের প্রস্তাব করা হয়েছে।

(০৪) ২০২১-২২ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ৪র্থ কিস্তির অর্থ প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ প্রক্রিয়া চলমান।

(০৫) পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের নীতিমালা সংশোধন পূর্বক খসড়া সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৬) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) কর্তৃক ১০.৬০ কোটি টাকার মধ্যে ১ম কিস্তি বাবদ ২ কোটি ৬৫ লক্ষ টাকার বিভাজন মাঠ পর্যায়ে শহর সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং ঋণ বিতরণ চলমান রয়েছে। ২য় কিস্তির অর্থ প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড়করণ করা হয়েছে। বিল প্রস্তুতপূর্বক হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৭) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। ৩১ মার্চ ২০২২ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২৫ লক্ষ ২১ হাজার ৯৭৫ জন।

(০৮) ০১-৩১ মার্চ ২০২২ পর্যন্ত মোট এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২৬ হাজার ১১৮ জন। এর মধ্যে অনুমোদিত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ১৪ হাজার ৩৪৪ জন এবং ১৪ হাজার ৯৭৪ জন প্রতিবন্ধী ব্যক্তির মাঝে আইডি কার্ড বিতরণ করা হয়েছে।

(০৯) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ যথাযথভাবে উদযাপনের অংশ হিসেবে সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার পরিবেশনসহ অন্যান্য কর্মসূচি পালনের অনুরোধ জানিয়ে অধিদফতর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৩.০০২.২০.৩২ তারিখ ০৬ মার্চ ২০২২ যোগে জেলা সমাজসেবা কার্যালয়ের সকল উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) সিলেট জেলার বাগবাড়িতে অবস্থিত "ছোটমনি নিবাসে আছড়ে, বালিশ চাপায় ২ (দুই) মাসের শিশু হত্যা" সংক্রান্ত/তথ্যানুসন্ধান কমিটির সুপারিশ বাস্তবায়নের বিষয়ে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক গৃহীত ব্যবস্থা অধিদফতর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৮.০৫১.১৭.১১৭ তারিখ ০৭ মার্চ ২০২২ যোগে সচিব (যুগ্ম সচিব) জাতীয় মানবাধিকার কমিশন বরাবর প্রেরণ করা হয়েছে।

(১১) International Organization for Migration (IOM) কর্তৃক ৯ মার্চ ২০২২ তারিখ Venue DOEL (14th Floor), Amari Dhaka- এ "Trafficking in Persons and Victim Protection" বিষয়ক কর্মশালায় অংশগ্রহণের জন্য অধিদপ্তরের ৯ (নয়) জন কর্মকর্তা কে মনোনীত করে মনোনীত কর্মকর্তাদের বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৮.১২৫.২২.১২২ তারিখ ০৭ মার্চ ২০২২ যোগে সংশ্লিষ্ট কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) ঢাকাস্থ আমেরিকান এম্বাসিকে শিশু শ্রম সংক্রান্ত তথ্য প্রস্তুত করে অধিদফতর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.৩১.০০১.১৬.১২৭ তারিখ ০৮ মার্চ ২০২২ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।

(১৩) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় কোয়ার্টার (জানুয়ারি ২০২২ হতে মার্চ ২০২২) এর অগ্রগতি প্রতিবেদন (প্রমাণক সহ) ০৫ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.০০৩.২২.৩৪ তারিখ ১৩ মার্চ ২০২২ যোগে জেলা সমাজসেবা কার্যালয়, নেত্রকোনা ও কক্সবাজার এর উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) শিশু উন্নয়ন কেন্দ্র (বালক),পুলেরহাট, যশোর এর নিবাসী মোঃ জহুরুল ইসলাম এর মৃত্যুর তদন্ত প্রতিবেদনের মতামত অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদফতর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৮.৭৬৭.২১.১৩৪ তারিখ ১৩ মার্চ ২০২২ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।

(১৫) ০২ এপ্রিল ২০২২ তারিখ ১৫ তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০২২ উদযাপন অনুষ্ঠানে পুরস্কার প্রদানের নিমিত্ত ৩ টি ক্যাটাগরির জন্য একটি করে মনোনয়ন প্রদানের অনুরোধ জানিয়ে অধিদফতর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৮.০০৬.১৯.৬৪ তারিখ ১০ মার্চ ২০২২ যোগে সকল বিভাগীয় পরিচালক ও জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সরকারি শিশু পরিবারসহ অন্যান্য প্রতিষ্ঠানে কমপক্ষে দুইটি করে স্কাউট দল গঠন ও পরিচালনার বিষয়ে স্থানীয় প্রশাসনের সহযোগীতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৮.০০১.২১.৬৭ তারিখ ১৩ মার্চ ২০২২ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) ২৬ মার্চ ২০২২ খ্রিঃ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার সাথে উদযাপনের অংশ হিসেবে সকল প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন, জাতির শান্তি ও অগ্রগতি কামনা করে অধিদফতরাধীন সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার (অভিন্ন মেন্যু অনুযায়ী) পরিবেশন করার জন্য জেলাধীন আবাসিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৩.০০২.২০.৩৯ তারিখ ২১ মার্চ ২০২২ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) ০২ এপ্রিল ২০২২ তারিখ ১৫ তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০২২ উদযাপন উপলক্ষে ০১ এপ্রিল ২০২২ তারিখ দিবাগত রাত থেকে ০২ (দুই) দিন ব্যাপী রাতে সমাজসেবা অধিদপ্তরের সকল কার্যালয়ে নীলবাতি প্রজ্জলনের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৩.০০১.২১.৭৪ তারিখ ২৮ মার্চ ২০২২ যোগে সকল বিভাগীয় পরিচালক ও জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক সমাজকল্যাণে বঙ্গবন্ধুর ঐতিহাসিক অবদান (১৯৭২-১৯৭৫) "মুক্তির মহানায়ক বঙ্গবন্ধু" স্মরণিকা প্রকাশ করা হয়েছে।

(২০) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর প্রাঙ্গনে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা জনাব নুরুজ্জামান আহমেদ এমপি, মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আশরাফ আলী খান খসরু এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বীর মুক্তিযোদ্ধা জনাব রাশেদ খান মেনন এমপি, মাননীয় সভাপতি, সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মাহফুজা আখতার, সচিব সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। দিবস উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ১০২টি বেলুন ওড়ানো হয় এবং সরকারি শিশু পরিবাবের নিবাসীদের নিয়ে ১০২ পাউন্ড ওজনের কেক কাটা হয়।

(২১) '৪৭তম বুনিয়াদি' শীর্ষক প্রশিক্ষণ কোর্স ০৭ নভেম্বর, ২০২১ হতে ৩১ মার্চ, ২০২২ খ্রি. মেয়াদী বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা জনাব নুরুজ্জামান আহমেদ, এমপি। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক জনাব শেখ রফিকুল ইসলাম (গ্রেড-১)। সমাপনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জনাব সৈয়দ মোঃ নূরুল বাসির (যুগ্ম সচিব), পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর এবং জাতীয় সমাজসেবা একাডেমির অধ্যক্ষ ও অনুষদবর্গ। বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি জনপ্রশাসন প্রশিক্ষণ নীতি-২০০৩ অনুসারে ১ম (প্রথম) শ্রেণীর সরকারি কর্মকর্তাদের জন্য বাধ্যতামূলক একটি কোর্স।

## (১০) গ. আগামী ২ মাসে (এপ্রিল ২০২২, মে ২০২২) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত সমাজকল্যাণে বঙ্গবন্ধুর ঐতিহাসিক অবদান (১৯৭২-১৯৭৫) "মুক্তির মহানায়ক বঙ্গবন্ধু" স্মরণিকা সমাজসেবা অধিদপ্তরের সকল কার্যালয়ে প্রেরণ করা হবে।

(০২) সুদমুক্ত ক্ষুদ্রঋণ (আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী) কার্যক্রমের ৩য় কিস্তির ০৭ কোটি ১০ লক্ষ ৭৫ হাজার টাকা মাঠ পর্যায়ে প্রেরণ করা হবে।

(০৩) ২০২১-২২ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২৩.৩২ কোটি টাকার মধ্যে ৪র্থ কিস্তি ছাড়করণের প্রস্তাব সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

(০৪) a2i এর সহযোগিতায় ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম/Micro Credit Monitoring System (MCMS) সফটওয়ারে ডাটা এন্ট্রির জন্য প্রস্তাবিত ১০ উপজেলায় কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

(০৫) পবিত্র ঈদ-উল-ফিতর ২০২২ যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার সাথে সকল প্রতিষ্ঠানে উদযাপনসহ সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার (অভিন্ন মেন্যু অনুযায়ী) পরিবেশন করার জন্য জেলাধীন আবাসিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নির্দেশ প্রদান করার জন্য সকল বিভাগীয় পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়ের সকল উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হবে।

(০৬) পবিত্র ঈদ-উল-ফিতর ২০২২ উপলক্ষে ঢাকা শহরে অবস্থিত প্রতিষ্ঠানসমুহের নিবাসিদের উন্নতমানের খাবার পরিবেশন তদারকির নিমিত্ত কর্মকর্তাগণকে পরিদর্শনের দায়িত্ব প্রদানের জন্য অধিদফরের প্রতিষ্ঠান শাখা পত্র প্রেরণ করা হবে।

ঘ. আগামী দুই মাসে (এপ্রিল ২০২২, মে ২০২২) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

০৫/০৪/২২

০৫/০৪/২২
মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আরও)
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

০৫/০৪/২২
তাসলিমা খাতুন
সহকারী পরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

রকিব আহমেদ
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।